



স্মারক নম্বর:- ৫৯.০০.০০০০.১০৬.০২.০১১.২১- ৫৪


তারিখ: ২১ ফাল্গুন ১৪২৮ বঙ্গাব্দ  
০৬ মার্চ ২০২২ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ **জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনা ২০২১-২০২২ এর ০৩ অনুচ্ছেদে বর্ণিত ক্রমিক নং ৩.১, ৩.২ এবং ৩.৪ বাস্তবায়ন পূর্বক প্রমাণক প্রেরণ প্রসঙ্গে।**

স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম পরিকল্পনা ২০২১-২০২২ এর ০৩ অনুচ্ছেদে বর্ণিত শুদ্ধাচার সংশ্লিষ্ট এবং দুর্নীতি প্রতিরোধে সহায়ক অন্যান্য কার্যক্রম..... (অগ্রাধিকার ভিত্তিতে ন্যূনতম পাঁচটি কার্যক্রম) এর ক্রমিক নং ৩.১, ৩.২ এবং ৩.৪ এর বাস্তবায়নের উদ্দেশ্যে নির্ধারিত বাস্তবায়ন পরিকল্পনা/কর্মকৌশল সমূহ নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়ন পূর্বক প্রমাণক সমূহ অত্র শাখায় প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

কার্যক্রমের ধরন	বাস্তবায়ন পরিকল্পনা/ কর্মকৌশল	লক্ষ্যমাত্রা বাস্তবায়নের তারিখ	প্রমাণক হিসেবে সরবরাহ করার অনুরোধ
ক্রমিক ৩.১ পেনশন সেবা সহজীকরণের উদ্দেশ্যে টাংগাইল এবং রাজবাড়ী জেলার উপপরিচালক (পরিবার পরিকল্পনা) কার্যালয়ে অনলাইন সেবা প্রদান কার্যক্রম চালুকরণ	(ক) ডাটা বেইজ প্রস্তুতকরণ (খ) বর্তমান লজিস্টিকের যথাযথ ব্যবহার এবং আধুনিক যন্ত্রপাতি/সামগ্রী ক্রয়ের চাহিদা প্রদানও সরবরাহ (গ) কর্মকর্তা/কর্মচারীদের অনলাইন পদ্ধতি সম্পর্কে প্রশিক্ষণ প্রদান। (ঘ) ই-নথিতে আবেদন উপস্থাপন (ঙ) মোবাইল ফোনে SMS এর মাধ্যমে অর্থ প্রাপ্তি নিশ্চিতকরণ।	সমগ্র অর্থবছর ব্যাপী	১। ডাটাবেজের হার্ডকপি ২। প্রশিক্ষণের হাজিরা সীট। ৩। লজিস্টিকের চাহিদা পত্র ৪। লজিস্টিক প্রদানের অনুমোদন পত্র।
ক্রমিক ৩.২ টাংগাইল এবং রাজবাড়ী জেলার উপপরিচালক (পরিবার পরিকল্পনা) কার্যালয়ে অভিযোগ বক্স স্থাপন, অনলাইন অভিযোগ নিষ্পত্তি ও প্রতি ৩ মাস অন্তর গনশুনানীর ব্যবস্থা গ্রহন	(ক) অভিযোগ বক্স স্থাপন। (খ) অনলাইন অভিযোগ নিষ্পত্তির কার্যক্রম চালুকরণের জন্য মেইল এড্রেস দপ্তরের প্রবেশদ্বারে প্রদর্শন। (গ) বিভিন্ন অঞ্চলে গণশুনানির ব্যবস্থাকরণ। (ঘ) গণশুনানিতে প্রাপ্ত অভিযোগ নিষ্পত্তিকরণ এবং অবহিতকরণ।	সমগ্র অর্থবছর ব্যাপী	১। অভিযোগ বক্সের ছবি ২। গণশুনানীর ছবি এবং হাজিরা সীট। ৩। গণশুনানীতে প্রাপ্ত অভিযোগ নিষ্পত্তির পত্র।

<p>ক্রমিক ৩.৪ ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র, মির্জাপুর সদর, টাংগাইল জেলা, রাজবাড়ি জেলায় সরকারি ঔষধ বিতরণ ব্যবস্থা ডিজিটাইজড করন এবং চিকিৎসক/প্যারামেডিকস কর্তৃক প্রদত্ত প্রেসক্রিপশন অনুযায়ী সেবাগ্রহীতাদের ঔষধ প্রাপ্তি নিশ্চিতকরণ</p>	<p>(ক) ঔষধ বিতরণ কার্যক্রমের কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান।</p>	<p>সমগ্র অর্থবছর ব্যাপী</p>	<p>১। প্রশিক্ষণের হাজিরা সীট। ২। সেবা গ্রহীতাদের মতামত এর কপি ৩। সেবা গ্রহীতাদের মতামত এর ভিত্তিতে গৃহিত কার্যক্রম</p>
--	--	---------------------------------	--

  
০৫/০৬/২০২১

(রাহেলা রহমত উল্লাহ)  
সিনিয়র সহকারী সচিব  
ফোন: ৯৫৪৬০৪৮  
admin3@mefwd.gov.bd

**বিতরণ: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)**

০১. উপপরিচালক, পরিবার পরিকল্পনা, রাজবাড়ী/টাংগাইল;
০২. প্রোগ্রামার, কম্পিউটার সেল, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

**অনুলিপি:**

০১. মহাপরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ৬, কাওরান বাজার, ঢাকা।
০১. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা;
০২. যুগ্মসচিব (প্রশাসন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা;
০৩. অফিস কপি।